সভা নং-৩৩৩

# বটিয়াঘাটা উপজেলা পরিষদের জুলাই, ২০২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ আশরাফুল আলম খান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা ।

সভার তারিখ : ১৩/০৭/২০২৩ খ্রি. সকাল ১০.০০ টা

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ- পরিশিষ্ট-ক.

| ক্র. নং | দপ্তর/বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্হা/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১. | সভাপতি | সভাপতি ও উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয় সভায় উপস্থিত উপজেলা নির্বাহী অফিসারসহ সকলকে শুভেচ্ছা জানিয়ে উপজেলা পরিষদের জুলাই/২০২৩ মাসের সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে জুন,২০২৩ মাসের সভার কার্যবিবরনী পাঠ করা হয়। | জুন,২০২৩ মাসের সভার কার্যবিবরনী পাঠঅন্তে কোনো সংশোধনী না থাকায় কার্যবিবরনী দৃঢ়করন করা হয়। | উপস্থিত সকল সদস্য |
| ২. | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান, তিনি বলেন, আগস্ট মাসের প্রথম সপ্তাহে মাননীয় প্রধানমন্ত্রী বাংলাদেশকে ভূমিহীন মুক্ত দেশ ঘোষনা করবেন। তিনি বটিয়াঘাটা উপজেলার সাথে জুমের মাধ্যমে যুক্ত হয়ে কথা বলবেন। তিনি সকলকে উপস্থিত থাকার জন্য এবং সহযোগীতা করার জন্য অনুরোধ করেন। | মাননীয় প্রধানমন্ত্রী বাংলাদেশকে ভূমিহীন মুক্ত দেশ ঘোষনা করবেন। উক্ত অনুষ্ঠানে সকলকে উপস্থিত থাকার জন্য এবং সহযোগীতা করার জন্য অনুরোধ করা হয়। | সকল সদস্যবৃন্দ |
| ৩. | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তার প্রতিনিধি আরএমও সভায় জানান, তার দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি বলেন বর্তমানে ডেঙ্গু মারাত্বক রুপ ধারন করছে। ডেঙ্গু মশা শুধু দিনে নয় রাতের বেলায়ও কামড়ায়। ডেঙ্গু হলে তীব্র গায়ে ব্যথা, জ্বর হয় এমন দেখা দিলে ডাক্তারের পরামর্শ নেওয়ার জন্য তিনি অনুরোধ করেন।তিনি বলেন, ভিটামিন সি জাতীয় খাবার বেশি বেশি খেতে হবে। এ পর্যন্ত উপজেলা স্বাস্থ্য কম্পেক্সে একজন ডেঙ্গু রুগী ভর্তি হয়েছিলো সে সুস্থ্য হয়ে বাড়িতে ফিরেছেন। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা। |
| ৪. | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসারের প্রতিনিধি বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ৫. | উপজেলা পঃপঃ বিভাগ | উপজেলা পঃপঃ কর্মকর্তা সভায় জানানো হয় যে, বটিয়াঘাটা উপজেলার মাঠ পর্যায়ে পরিবার পরিকল্পনা বিভাগের কাজ স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপঃ পঃপঃ কর্মকর্তা |
| ৬. | সিনিয়র উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা সিঃ মৎস্য কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, উপজেলায় সমুদ্রগামী পরিবার প্রতি ৩০ কেজি করে চাল বিতরনের জন্য বরাদ্দ পাওয়া গিয়েছে।উক্ত বরাদ্দকৃত চাল অনুমোদিত ২০৪৯ জন জেলেদের মাঝে বিতরণ করা হবে। তবে মোট নিবন্ধিত ৩৫১৭ জনের মধ্য হতে তালিকা করে ২০৪৯ জন প্রকৃত সমুদ্রগামী জেলেদের তালিকা করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। আগামী ৩দিনের মধ্যে তালিকা প্রস্তুত করে সিঃউপঃ মৎস্য কর্মকর্তার দপ্তরের প্রেরনের জন্য অনুরোধ করেন। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | সিনিঃউপঃ মৎস্য কর্মকর্তা |
| ৭. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। তিনি আরো বলেন, ৭টি ইউনিয়নে অনেক হাঁস-মুরগী গরু ছাগল আছে। এগুলির টিকা দেওয়ার জন্য ভ্যাকসিন সংরক্ষনের জন্য ইউনিয়ন ভিত্তিক একটি করে রেফ্রিজারেটরের ব্যবস্থা করার বিষয়ে সভায় প্রস্তাব করেন। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। |
| ৮. | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, ৩নং গঙ্গারামপুর ইউনিয়নের দুটি বিদ্যালয়ে কে বা কারা তালা ভেঙ্গেছে কিন্তু কিছু চুরি হয়নি। প্রধান শিক্ষক বটিয়াঘাটা থানায় একটি জিডি করেছেন। এ বিষয়ে সভার সভাপতি মহোদয় বলেন, বিদ্যালয় গুলির তালা ভাঙ্গার বিষয়ে তিনি অবগত নন এবং উপজেলা নির্বাহী অফিসারকেও অবগত করানো হয়নি। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় আরো বলেন, বঙ্গবন্ধু ও বঙ্গমাতা প্রাথমিক বিদ্যালয় ফুলবল টুর্নামেন্ট জুলাই মাসের মধ্যে শেষ করতে হবে। তিনি সকল ইউপি চেয়ারম্যানসহ সকলকে সহযোগীতা করার জন্য অনুরোধ করেন। | | |
| ৯. | উপজেলা মাঃ শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। পবিত্র ঈদুল আজহার ছুটি শেষে বিদ্যালয়গুলির ক্লাস শুরু হয়েছে। তিনি বলেন, বর্তমানে ডেঙ্গুর প্রকোপ বেড়ে গিয়েছে সেজন্য বিদ্যালয়ের আঙ্গিনা নিয়মিত পরিস্কার পরিচ্ছন্ন করা হচ্ছে এবং ছাত্র-ছাত্রীদের বাড়িতে করনীয় কি এ বিষয় সচেতন করা হচ্ছে। তিনি আরো বলেন, বারোআড়িয়া শহীদ স্বরনী কলেজে শহীদ মিনার করার জন্য বরাদ্দ দেওয়ার জন্য তিনি সভাপতি মহোদয়কে ধন্যবাদ জানান। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা মাঃ শিক্ষা কর্মকর্তা। |
| ১০. | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি বলেন, কিছু ঋন আদায়ে সমস্যা হচ্ছে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সঙ্গে কথা হয়েছে লাল নোটিশ দেওয়ার জন্য। তিনি আরো বলেন, তার দপ্তরের টয়লেটের পাইপ ফেটে গিয়েছে। তিনি মেরামতের জন্য সভায় প্রস্তাব করেন। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়।<br>টয়লেটের মেরামতে বিষয়ে উপজেলা প্রকৌশলী সরেজমিনে পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | ১। উপজেলা প্রকৌশলী<br>২। উপজেলা যুব উন্নয়ন অফিসার। |
| ১১. | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, গত অর্থ বছরে কোন ভাতা বাবদ বরাদ্দ পাওয়া যায়নি । ২০২৩-২৪ অর্থ বছরে পাওয়া যাবে বলে তিনি সভায় জানান। তিনি বলেন, কোন ভাতাভোগী ছয় মাস নিরুদ্দেশ থাকলে তার ভাতার কার্ড বাতিল করা হবে। এ বিষয়ে সভার সভাপতি মহোদয় বলেন, কার্ড বাতিল করার আগে ভালো করে যাচাই-বাছাই করে বাতিল করতে হবে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | সমাজসেবা কর্মকর্তা |
| ১২. | উপজেলা মহিলা অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, আমিরপুর ইউনিয়নে ২৪৭ জন ভাতা ভোগীর টাকা ডাচ-বাংলা এজেন্ট ব্যাংক আত্নসাত করেছিলো এ বিষয়ে বাংলাদেশ ব্যাংককে অবহিত করে পত্র দেওয়া হয়েছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৩. | উপজেলা প্রকৌঃ বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের নিমিত্তে কয়েকটি কমিটি পাওয়া গিয়েছে তিনি কমিটিসমূহ সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন।<br><br>তিনি আরো বলেন, ৭নং আমিপুর ইউনিয়নে বাইনতলা হাটের চান্দিনার অবস্থা খুবই খারাপ, দ্রুত মেরামত করা প্রয়োজন। তিনি হাট-বাজার তহবিল হতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ ও বাস্তবায়ন পদ্ধতির জন্য সভায় প্রস্তাব করেন।<br><br>তিনি আরো বলেন, উপজেলা পরিষদের ১৬,৬৯,৩৫৩/-টাকার বকেয় বিদ্যুৎ বিল আছে। বিদ্যুৎ বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের বিধান রয়েছে। তিনি সমুদয় বিদ্যুৎ বিল পরিশোধের জন্য সভায় প্রস্তাব করেন।<br><br>তিনি সভায় আরো জানান যে, ২০২০-২১ অর্থবৎসরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় INF5-2020-21-404712-02 যথাসময়ে বাস্তবায়িত হয়েছে। উক্ত প্রকল্পের প্রাক্কালিত মূল্য ও চুক্তি মূল্য যথাক্রমে,২৪,৩৯,০২৪/- ও চুক্তি মূল্য-২০৮০১৭৩/- টাকা হইতেছে। সংশ্লিষ্ট ঠিকাদার মেসার্স মুনির এন্টারপ্রাইজ, বগুড়া বিল পাওয়ার জন্য আবেদন করেছেন। সরেজমিনে পরিদর্শণ করে উল্লেখিত উপ-প্রকল্পের চুড়ান্ত বিল প্রকল্প পরিচালক মহোদয় ঢাকা কার্যালয়ে প্রেরণের লক্ষ্যে উপজেলা পরিষদ সভার অনুমোদন আবশ্যক। অতঃপর তিনি সভায় প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণের আহবান জানান। তিনি আরো বলেন, অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবের সাথে প্রেরিত বেঞ্চ বিতরনের তালিকাটি বাস্তবতার প্রেক্ষিতে সংশোধন করা প্রয়োজন। সংশোধিত তালিকা অনুমোদনের জন্য তিনি সভায় উপস্থাপন করেন।<br><br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২২ অর্থবৎসরে উপজেলা | সভায় আলোচনা অন্তে প্রকল্প কমিটিসমূহ অনুমোদন করা হয়। পরিশিষ্ঠ-খ।<br><br>৭নং আমিপুর ইউনিয়নে বাইনতলা হাটের চান্দিনা মেরামতের জন্য হাট-বাজার তহবিল হতে ২লক্ষ টাকা বরাদ্দের সিদ্ধান্ত গৃহীত হয় এবং একটি প্রকল্প বাস্তবায়ন কমিটি করা হয়। কমিটি পরিশিষ্ঠ-খ।<br><br>উপজেলা পরিষদের বকেয়া সমুদয় বিদ্যুৎ বিল পরিশোধের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত উপ-প্রকল্পের বিল অনুমোদন পরবর্তী সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক,ঢাকা বরাবরে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হলো। অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের সংশোধিত তালিকা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।(সংশোধিত তালিকা পরিশিষ্ট-খ) | ক। উপজেলা প্রকৌশলী।<br>খ।প্রকল্প কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় ঠিকাদারী প্রতিষ্ঠান মোসার্স ভাই ভাই এন্টারপ্রাইজ এর মাধ্যমে বাস্তবায়নাধীন জলমা ইউনিয়নের (ক) কৈয়াবাজার জামে মসজিদে পাকা টয়লেট নির্মাণ (খ) দক্ষিণ মুহাম্মাদনগর স্লুইচগেইট সুন্দরবন নবপল্লী জামে মসজিদের অজুখানা ও টয়লেট নির্মাণ (গ) পুটিমারী গ্রামের পশ্চিমপাড়া রফিকিয়া জামে মসজিদের অজুখানা ও টয়লেট নির্মাণ (ই-টেন্ডার আইডি-৫৯৭৫১৭) প্রকল্পকাজ সরেজমিনে বাস্তবায়নকালে দেখা যায় "দক্ষিণ মুহাম্মাদনগর স্লুইচগেইট সুন্দরবন নবপল্লী জামে মসজিদের অজুখানা ও টয়লেট নির্মাণ" কাজের ঠিকাচুক্তিকৃত অর্থে অজুখানার কাংখিত/প্রয়োজনীয় কাজ সম্পন্ন না হয়ে কিছুটা অসম্পন্ন থেকে যাবে । অত্র মসজিদ পরিচালনা কমিটি,মুসল্লী ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপজেলা চেয়ারম্যান মহোদয় বরাবরে উক্ত অজুখানার কাংখিত কাজ সম্পন্নের আবেদন জানান। তৎপ্রেক্ষিতে উপজেলা চেয়ারম্যান মহোদয় মসজিদ পরিচালনা কমিটিকে বিধিমত ব্যবস্থা গ্রহণের প্রতিশ্রুতি প্রদান করেন। তিনি সভায় আরো জানান যে, অত্র প্যাকেজের ঠিকা চুক্তিমূল্যের ১০% অতিরিক্ত অর্থের মধ্যে সীমাবদ্ধ থেকে সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করতঃ উপজেলা চেয়ারম্যান মহোদয়ের প্রতিশ্রুত মসজিদ পরিচালনা কমিটির দাবীকৃত কাজ বাস্তবায়ন করা যেতে পারে। অতঃপর তিনি সভায় প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহনের আহবান জানান।<br><br>তিনি আরো বলেন, উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান-এর বসার চেয়ার ও তার রুমের সোফার ফোম, কভার এবং কিছু চেয়ার ক্রয় করা জরুরী এছাড়া উপজেলা পরিষদের সিএ-এর রুমে একটি চেয়ার ক্রয় করা জরুরী। তিনি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে এ বাবদ ২লক্ষ টাকা বরাদ্ধ এবং বাস্তবায়ন পদ্ধতি নির্ধারনের জন্য সভায় প্রস্তাব করেন। | প্রয়োজনীয়তার নিরিখে বাস্তবায়নযোগ্য অপরিহার্য কাজের বাস্তবভিত্তিক সংশোধিত প্রাক্কলন প্রস্তুত পূর্বক নিযুক্ত একই ঠিকাদারী প্রতিষ্ঠানের মাধ্যমে প্রকল্পকাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হ'ল। উপজেলা প্রকৌশলী বিধিমত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান-এর বসার চেয়ার ও তার রুমের সোফার ফোম, কভার এবং জনসাধারন বসার জন্য কিছু চেয়ার ক্রয় এছাড়া উপজেলা পরিষদের সিএ-এর রুমে একটি চেয়ার ক্রয়ের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ২লক্ষ টাকা বরাদ্দের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং একটি প্রকল্প বাস্তবায়ন কমিটি করা হয়ে। কমিটি পরিশিষ্ঠ-খ। | |
| ১৪. | উপ: সহ: প্র: জনস্বাস্থ্য | উপ: সহ: প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপ: সহ: প্র: জনস্বাস্থ্য |
| ১৫. | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকতাবে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয় | উপজেলা স: কর্মকর্তা |
| ১৬. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকতাবে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৭. | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা প্র:বা: কর্মকর্তা |
| ১৮. | ফরেস্টার সামাজিক বণবিভাগ | ফরেস্টার সামাজিক বণ বিভাগ সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | ফরেস্টার সামাজিক বন বিভাগ |
| ১৯ | চেয়ারম্যান, ১নং ইউপি | চেয়ারম্যান ১নং জলমা ইউপি জানান, তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকতাবে চলছে।<br><br>তিনি বলেন, তার ইউনিয়নে রাস্তার পাশে ঝড়ে পড়া মরা গাছ আছে। তিনি গাছগুলি নিলামে বিক্রয়ের জন্য সভায় প্রস্তাব করেন। | ঝড়ে পড়া মরা গাছ গাছগুলি নিলামে বিক্রয়ের বিষয়ে উপজেলা ফরেষ্টার সামাজিক বণ বিভাগ বিধি মোতাবেক ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান ১নং ইউপি। ফরেস্টার সামাজিক বন বিভাগ |
| ২০ | চেয়ারম্যান, ২নং ইউপি | চেয়ারম্যান ২নং বটিয়াঘাটা ইউপি সভায় তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকতাবে চলছে। | কার্যক্রম স্বাভাবিকতাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ২নং ইউপি। |
| ২১ | চেয়ারম্যান, ৩নং ইউপি | চেয়ারম্যান ৩নং গঙ্গারামপুর ইউপি বলেন, তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৩নং ইউপি। |
| ২২ | চেয়ারম্যান, ৪নং ইউপি | চেয়ারম্যান ৪নং সুরখালী ইউপি সভায় জানান তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৪নং ইউপি। |

| | | | | |
|---|---|---|---|---|
| | চেয়ারম্যান, ৫নং ইউপি | চেয়ারম্যান,৫নং ভান্ডারকোট ইউপি সভায় জানান, তার ইউনিয়নের তার ইউনিয়নের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন তার ইউনিয়নে ২০২১-২২ অর্থ বছরের উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের কয়েকটি কাজ ঠিকাদার বাস্তবায়ন করছে না। এ বিষয়ে ব্যবস্থা নেওয়ার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। ২০২১-২২ অর্থ বছরের উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের কাজ বাস্তবায়নের বিষয়ে উপজেলা প্রকৌশলী ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান ৫নং ইউপি। |
| ২৪ | চেয়ারম্যান, ৬নং, ইউপি | প্যানেল চেয়ারম্যান ৬নং বালিয়াডাঙ্গা ইউপি বলেন, তার ইউনিয়নের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৬নং ইউপি। |
| ২৫ | চেয়ারম্যান, ৭নং, ইউপি | ৭নং আমিরপুর ইউ.পি চেয়ারম্যান সভায় জানান যে, তার ইউনিয়নের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৭নং ইউপি। |
| ২৬ | ভাইস চেয়ারম্যান | ভাইস চেয়ারম্যান বলেন, তিনি নিজে, মহিলা ভাইস চেয়ারম্যান ও চেয়ারম্যান মহোদয়কে সরকারি বিভিন্ন সভায় যোগদানের জন্য জেলা প্রশাসক মহোদয়ের দপ্তরসহ জেলা অফিসে যেতে হয় এ জন্য সরকার নির্ধারিত ভ্রমণ ভাতা রয়েছে, তিনি চেয়ারম্যান মহোদয়ের,তার এবং মহিলা ভাইস চেয়ারম্যানের জুন, ২৩ মাসে চেয়ারম্যান মহোদয়ের-১০,৮০০/-,ভাইস চেয়ারম্যানের-৭,৬৫০/-,মহিলা ভাইস চেয়ারম্যানগণের-৭,৭০০/- টাকা ভ্রমণ বিল রাজস্ব তহবিল হতে টাকা এবং জুলাই, ২৩ মাসের সম্ভব্য ভ্রমণ বিবরণী অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। | সভায় আলোচনান্তে প্রস্তাবিত ভ্রমণ বিবরনী ও বিলের টাকা অনুমোদন করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২৭ | মহিলা ভাইস চেয়ারম্যান | মহিলা ভাইস চেয়ারম্যান বলেন, তার কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | মহিলা ভাইস চেয়ারম্যান |
| ২৮ | বিবিধ | উপজেলা নির্বাহী অফিসার জঙ্গীবাদ, সন্ত্রাসবাদ, ইভ-টিজিং, নারী নির্যাতন, বাল্যবিবাহ ইত্যাদি সামাজিক ব্যধির কুফল সম্পর্কে জনগণকে সচেতন করার জন্য এবং এর কুফল সম্পর্কে ও সরকারি জমি দখল সংক্রান্ত বিষয়ে ইউনিয়ন পরিষদ সভায় আলোচ্যসূচী রাখাসহ সকল মসজিদে জুম্মার নামাজের খুৎবার সময় বয়ান করার ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রতিনিধিদের প্রতি অনুরোধ করেন। তিনি পাবলিক প্লেসে ধুমপান ও রাস্তায় ইট, বালি ও অন্যান্য কিছু না রাখার জন্য এবং খাল ও নদীতে অবৈধ বাঁধ,পাটা না রাখার জন্য সকলকে সচেতন করতে সদস্যদের অনুরোধ করেন। | সকল ইউ,পি চেয়ারম্যান জঙ্গীবাদ, সন্ত্রাসবাদ, ইভ-টিজিং, নারী নির্যাতন, বাল্য বিবাহ ইত্যাদি সামাজিক ব্যাধির কুফল সম্পর্কে এবং সরকারি জমি দখল সংক্রান্ত বিষয়ে আলোচনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | চেয়ারম্যান সকল ইউপি ও সকল সদস্য। |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভার কার্যক্রম শেষ করেন।

০৩/০৭/২৩

(মোঃ আশরাফুল আলম খান)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বটিয়াঘাটা, খুলনা

স্মারক নং-০৫.০০.৪৭১২.০০০.০১.০০২.২৩- ৪১৮ তারিখ ঃ ১৬/০৭/২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো-

১। জনাব পঞ্চানন বিশ্বাস, এম.পি, মাননীয় হুইপ, মহান জাতীয় সংসদ।

২। যুগ্ম সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। জেলা প্রশাসক, খুলনা।

৪। উপ-সচিব, রাজনৈতিক শাখা-২, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, বটিয়াঘাটা উপজেলা পরিষদ, খুলনা।

৬। উপজেলা......................................অফিসার, বটিয়াঘাটা, খুলনা।

৭। চেয়ারম্যান,.............................. ইউ.পি, বটিয়াঘাটা, খুলনা।

১৬/৭/২৩

(শেখ নুরুল আলম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
বটিয়াঘাটা, খুলনা।
**টেলিফোনঃ ০৪০২২-৫৬০০১**
ই-মেইলঃ unobatiaghata@mopa.gov.bd

সভায় উপস্থিত সদস্যবৃন্দ (স্বাক্ষরের ক্রমানুসারে)-পরিশিষ্ট-ক

১. জনাব নিতাই গাইন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ।
২. জনাব চঞ্চলা মন্ডল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ।
৩. জনাব বিধান রায়, চেয়ারম্যান, ১নং জলমা ইউপি।
৪. জনাব পল্লব বিশ্বাস রিটু, চেয়ারম্যান, ২নং বটিয়াঘাটা, ইউ.পি।
৫. জনাব আসলাম হালদার, চেয়ারম্যান, ৩ নং গঙ্গারামপুর, ইউ.পি।
৬. জনাব এসকে জামির হোসেন, চেয়ারম্যান, ৪নং সুরখালী
৭. জনাব ওবায়দুল্ল্যাহ শেখ, চেয়ারম্যান ৫নং ভান্ডারকোট
৮. জনাব শাহনেওয়াজ শেখ, প্যানেল চেয়ারম্যান, ৬নং বালিয়াডাঙ্গা ইউপি।
৯. জনাব জি.এম মিলন, চেয়ারম্যান, ৭নং আমিরপুর ইউনিয়ন।
১০. জনাব ডা : অভিজিত মল্লিক,আরএমও, উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তার কার্যালয়।
১১. জনাব ডা : পলাশ কুমার দাস,উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
১২. জানাব আমির আলী, সহ:উপজেলা সৎস্য কর্মকর্তা
১৩. জনাব মো : রবিউল ইসলাম, উপজেলা কৃষি অফিসার।
১৪. জনাব সেলিনা খাতুন, উপজেলা পঃপঃ কর্মকর্তা।
১৫. জনাব সুলতানা সারমিন, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
১৬. জনাব জিএম আলমগীর কবির, উপজেলা শিক্ষা অফিসার।
১৭. জনাব রেজওয়ানুর রহমান, উপ-সহঃ প্রকৌশলী।
১৮. জনাব এমদাদুল হক, উপজেলা প্রকল্পবাস্তবায়ন কর্মকর্তা।
১৯. জনাব নবনিতা দত্ত, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা।
২০. জনাব মোঃ শফিউর রহমান, ফরেস্টার,সামাজিক বনবিভাগ।
২১. জনাব মাসুদুর রহমান, সমাজসেবা কর্মকর্তা।
২২. জনাব জান্নাতুন নেছা, উপজেলা সমবায় কর্মকর্তা।
২৩. জনাব রুনা আক্তার সুমি, উপ :সহ :প্র : জনস্বাস্থ্য প্রকৌশল।
২৪. জনাব নারায়ন চন্দ্র মন্ডল, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা।
২৫. জনাব মো : আবুবক্কর মোল্ল্যা, উ :যুব উন্নয়ন কর্মকর্তা।

১। আমিরপুর ইউনিয়নের বাইনতলা হাটের চান্দিনা মেরামত। (হাট-বাজার তহবিল)

| ক্রমিক নং | নাম | পদবী |
|---|---|---|
| ১. | জিএম মিলন, চেয়ারম্যান, ৭নং ইউপি | সভাপতি |
| ২. | নুরজাহান বেগম, সংরক্ষিত ইউপি সদস্য | সম্পাদক |
| ৩. | আঃ সামাদ শেখ, গন্যমান্য ব্যক্তি | সদস্য |
| ৪. | মোঃ মোরশেদ শেখ, গন্যমান্য ব্যক্তি | সদস্য |
| ৫. | দেবাশীষ ঘটক, সমাজ সেবক | সদস্য |
| ৬. | মোঃ আনোয়ার ইসলাম, সমাজ সেবক | সদস্য |
| ৭. | মোঃ আসলাম শেখ, গন্যমান্য ব্যক্তি | সদস্য |

২। উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষের তার চেয়ার, সোফার ফোম, কভার, পাবলিক চেয়ার এবং সিএর রুমে চেয়ার ক্রয় (রাজস্ব)

| ক্রমিক নং | নাম | পদবী |
|---|---|---|
| ১. | চঞ্চলা মন্ডল, মহিলা ভাঃচেঃ উঃপঃ | সভাপতি |
| ২. | মাধ্যমিক শিক্ষা অফিসার, | সম্পাদক |
| ৩. | মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ৪. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | সদস্য |
| ৫. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| ৬. | উপজেলা বিআরডিবি কর্মকর্তা-সদস্য | সদস্য |
| ৭. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা- সদস্য | সদস্য |

পরিশিষ্ঠ-খ

২০২০-২১ অর্থবছরে প্রস্তাবিত অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প-এর বেঞ্চ (প্রাথমিক বিদ্যালয়) বিতরনের তালিকা ঃ

| ক্রম | প্রাথমিক বিদ্যালয়ের নাম | ওয়ার্ড ও ইউনিয়নের নামসহ ঠিকানা | বরাদ্দ (বেঞ্চ) |
|---|---|---|---|
| ০১ | ৪৮নং বটিয়াঘাটা থানা মডেল সপ্রবি | গ্রাম ও ডাক-বটিয়াঘাটা, ওয়ার্ড-১; ইউপি-২নং বটিয়াঘাটা, বটিয়াঘাটা, খুলনা। | ১০ |
| ০২ | ৯৯নং চরখালী মাছালিয়া সপ্রবি | গ্রাম-চরখালী, ডাক- , ওয়ার্ড-৪; ইউপি-৩নং গঙ্গারামপুর, বটিয়াঘাটা, খুলনা। | ০৫ |
| ০৩ | ৩৩নং বাগুলাডাঙ্গা সপ্রবি | গ্রাম-বাগুলাডাঙ্গা, ডাক- , ওয়ার্ড-৬; ইউপি-২নং বটিয়াঘাটা, বটিয়াঘাটা, খুলনা। | ১০ |
| ০৪ | ৪১ নং কল্যাণশ্রী সপ্রবি | গ্রাম-কল্যাণশ্রী, ইউপি-৪নং সুরখালী, বটিয়াঘাটা, খুলনা | ২০ |
| ০৫ | ৯৪নং কে.এ.এম. ফজলুল বারী সপ্রবি | গ্রাম-হরিণটানা, ডাক- , ওয়ার্ড-০৫; ইউপি-১নং জলমা, বটিয়াঘাটা, খুলনা। | ২০ |
| ০৬ | ৬০নং পুটিমারী সপ্রবি | গ্রাম-পুটিমারী, ডাক-জলমা , ওয়ার্ড-০৯; ইউপি-১নং জলমা, বটিয়াঘাটা, খুলনা। | ২০ |
| ০৭ | ৫নং জলমা চক্রাখালী সপ্রবি | গ্রাম-জলমা, ডাক-বটিয়াঘাটা, ওয়ার্ড-৮; ইউপি-১নং জলমা, বটিয়াঘাটা, খুলনা। | ২০ |
| ০৮ | ১০৮নং উত্তর শৈলমারী দক্ষিণপাড়া সপ্রবি | গ্রাম-শৈলমারী, ডাক-কৈয়াবাজার, ওয়ার্ড-২; ইউপি-১নং জলমা, বটিয়াঘাটা, খুলনা। | ১০ |
| ০৯ | ১০২নং বুনারাবাদ উত্তরপাড়া সপ্রবি | গ্রাম-বুনারাবাদ, ডাক- , ওয়ার্ড-৯; ইউপি-৪নং সুরখালী, বটিয়াঘাটা, খুলনা। | ১০ |
| ১০ | ৭৪ গোন্ধামারী সপ্রবি | গ্রাম-গোন্ধামারী , ইউপি-৩নং গঙ্গারাপুর, বটিয়াঘাটা, খুলনা | ১০ |
| ১১ | ৬৭নং উত্তর কল্যাণশ্রী সপ্রবি | গ্রাম-কল্যাণশ্রী , ডাক- , ওয়ার্ড-৩; ইউপি-৪নং সুরখালী, বটিয়াঘাটা, খুলনা। | ২০ |
| ১২ | ২৯নং ফুলবাড়ী সপ্রবি | গ্রাম-ফুলবাড়ী, ডাক- , ওয়ার্ড-৬; ইউপি-৬নং বালিয়াডাঙ্গা, বটিয়াঘাটা, খুলনা। | ১০ |
| ১৩ | ৩১নং টালিয়ামারা সপ্রবি | গ্রাম-টালিয়ামারা, ডাক- , ওয়ার্ড-৭; ইউপি-৬নং বালিয়াডাঙ্গা, বটিয়াঘাটা, | ১০ |
| ১৪ | ৫৭নং ধাদুয়া সপ্রবি | গ্রাম-ধাদুয়া, ডাক-জলমা , ওয়ার্ড-৪; ইউপি-৬নং বালিয়াডাঙ্গা, বটিয়াঘাটা, | ১০ |
| ১৫ | ৩০নং রণজিতের হুলা সপ্রবি | গ্রাম- রণজিতের হুলা, ডাক- ফুলবাড়ি, ওয়ার্ড-৩; ইউপি-৬নং বালিয়াডাঙ্গা, | ১০ |
| ১৬ | ৮২নং গঙ্গারামপুর সপ্রবি | গ্রাম-গঙ্গারামপুর , ডাক-কাতিয়ানাংলা, ওয়ার্ড-৬; ইউপি-৩নং গঙ্গারামপুর, | ১০ |
| ১৭ | ৬নং উত্তর শৈলমারী সপ্রবি | গ্রাম- শৈলমারী , ডাক- , ওয়ার্ড-২; ইউপি-১নং জলমা, বটিয়াঘাটা, খুলনা। | ১০ |
| ১৮ | সাচিবুনিয়া সপ্রবি | গ্রাম-সাচিবুনিয়া, ডাক-বটিয়াঘাটা, ওয়ার্ড-৩; ইউপি-১নং জলমা, বটিয়াঘাটা, খুলনা। | ১০ |
| ১৯ | ৯৫নং কিশলয় আদর্শ শিশু শিক্ষা নিকেতন সপ্রবি | গ্রাম- হেতালবুনিয়া , ডাক- , ওয়ার্ড-১; ইউপি-২নং বটিয়াঘাটা, বটিয়াঘাটা, খুলনা। | ১০ |
| ২০ | ৩৪নং খারাবাদ সপ্রবি | গ্রাম- খারাবাদ , ডাক-কে,বাইনতলা , ওয়ার্ড-১; ইউপি-৭নং বটিয়াঘাটা, | ২২ |
| ২১ | ৩৪নং কড়িয়া সপ্রবি | গ্রাম- কড়িয়া , ডাক-কে,বাইনতলা , ওয়ার্ড-৯; ইউপি-৭নং বটিয়াঘাটা, | ২০ |
| ২২ | ১০০নং বৃত্তি খলসীবুনিয়া সপ্রবি | গ্রাম-বৃত্তিখলসীবুনিয়া, ইউনিয়ন-২নং বটিয়াঘাটা ইউপি | ১০ |
| ২৩ | ১১১ নং আড়ুয়াডাঙ্গা সপ্রবি | আড়ুয়াডাঙ্গা,ভান্ডারকোট ইউপি | ০৫ |
| ২৪ | ৯৭নং ভান্ডারকোট পূর্বপাড়া সপ্রবি | ভান্ডারকোট,ভান্ডারকোট ইউপি | ০৫ |
| | | মোট | ২৮৭ |

(মোঃ আশরাফুল আলম খান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ

শেখ নুরুল আলম
নির্বাহী অফিসার